



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা চট্টগ্রাম। (প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম- ১২ জুন ২০১৮ খ্রি.

প্রয়াত আলীগ নেতা এম এ হান্নান এর কবর জেয়ারত করলেন মেয়র
অবিভক্ত চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি জাতির জনক বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠকারী এম এ হান্নান এর ৪৪ তম
মৃত্যুবার্ষিকী আজ।

এ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আজ
মঙ্গলবার সকালে চৈতন্যগলি নগর বাইশ মহল্লাস্থ মরহুমের কবর জেয়ারত ও ফুল
দিয়ে শ্রদ্ধা জানান। কবর জেয়ারত শেষে মেয়র স্বাধীনতা সংগ্রামে প্রয়াত এম এ
হান্নান এর অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে
মুনাজাত করেন। এসময় রাজনীতিক নোমান আল মাহমুদ, শফিকুল ইসলাম
ফারুক, চন্দন ধর, আবুল মুনছুর, সরফুদ্দিন চৌধুরী রাজু প্রমুখ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১২ জুন ২০১৮ খ্রি.

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও
স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ দুপুরে
চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে পাহাড়ে
ধ্বংসের সংশয়ে টাইগারপাস পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারী পরিবারদের অন্যত্র
সরিয়ে দেয়া হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি ও
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ তাদেরকে ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

মিজানুর রহমান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন